

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭৬৮

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবীকুল শিরোমণি -এর মর্যাদাসমূহ

اَلْفَصْلُ التَّنِفْ (بَابُ فَصَائِلِ سَيِّدِ الْمُرْسَلِينَ)

আরবী

وَعَنْ أُبِيِّ بْنِ كَعْبٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ كُنْتُ إِمَامَ النَّبِيِّينَ وَخَطِيبَهُمْ وَصَاحِبَ شَفَاعَتِهِمْ غيرَ فَحْر» . رَوَاهُ التِّرْمِذِيِّ

سنده ضعيف ، رواه الترمذى (3613 وقال: حسن صحيح غريب) و ابن ماجم (4314) * عبدالله بن محمد بن عقيل ضعيف و احاديث البخارى (3340 ، 3361 ، 4712) و مسلم (194)، (480) وغيرهما تغنى عنه

বাংলা

৫৭৬৮-[৩০] উবাই ইবনু কা'ব (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: কিয়ামতের দিন আমিই হব নবীদের নেতা ও মুখপাত্র এবং তাদের জন্য শাফা'আতের অধিকারী। তাতে আমার কোন অহংকার নেই। (তিরমিযী)

ফটনোট

সহীহ: তিরমিয়ী ৩৬১৩, ইবনু মাজাহ ৪৩১৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩১৬৪০, মুসনাদে 'আবদ ইবনু হুমায়দ ১৭১, ' আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭২৯, আল মু'জামুল আওসাত্ব ৩৫৭০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কিয়ামতের দিন হাশরের ময়দানে মুহাম্মাদ (সা.) হবেন সকল নবী ও রাসূলগণের ইমাম। মানুষেরা অন্যান্য নবী রসূলের কাছে গেলে তারা তাদেরকে ফিরে দিবেন এবং বলবেন তোমরা মুহাম্মাদ (সা.) -এর নিকট যাও।



সর্বশেষে মুহাম্মাদ (সা.) শাফা'আত করবেন আল্লাহ তা'আলার নিকটে। রাসূলুল্লাহ (সা.) এত বড় একটা কাজ করবেন সকল মানুষের মাঝে তাতে তিনি বিন্দু পরিমাণ অহংকার করবেন না। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন